

পথ

সুভাষচন্দ্র ঘোষ

সুস্থতায় কি শুনছ ? জীবনের শব্দ, বৃষ্টিপাত ?

শোন বেশী করে শোন গাঢ় এই অশ্বকার গল্প ।

এখানেই তুমি থাকো, এখানেই ঘুমিয়ে গিয়েছ

স্বপ্ন নিয়ে, স্বপ্ন ভেঙে । এই অদ্ভুত ঘরটা তোমারই, তোমার ।

যার দেয়াল উড়ছে, ছাদ উড়ছে, ভাসমান তুমি ।

ভয়ে কাঁটা তুমি উড়ছ আর শুনছ সুস্থতায় জীবনের শব্দ,

ঘোর হিম বৃষ্টিপাত তার মুখ ভাবছ, ভাঙছ ।

এলোমেলো খেলায় ভয়ঙ্কর সাঁকো পার হচ্ছ ।

ঘুমিয়ে পড়েছো ভয় ছমছম হাঁটতে হাঁটতে

অশ্বকার গল্পগুলো জড়িয়ে ধরেছে তোমাকে

আর চিনিয়ে দিচ্ছে পথ ।